

ক্যাম্পাস

বেরোবিতে ছাত্র ফেডারেশনের ১১ সদস্যবিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন, নেতৃত্ব সোহাগ-মিজান

প্রতিবেদক: বেরোবি প্রতিনিধি

প্রকাশের তারিখ: শুক্রবার, ১৮ সেপ্টেম্বর ২০২৬, ০৯:২২ PM



□বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) বাংলাদেশ ছাত্র ফেডারেশনের ১১ সদস্যবিশিষ্ট নতুন আহ্বায়ক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে। এতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থী শাহরিয়ার সোহাগকে আহ্বায়ক এবং একই বিভাগের মিজানুর রহমান মিনারকে সদস্য সচিব হিসেবে মনোনীত করা হয়েছে।

□শুক্রবার (১৮ সেপ্টেম্বর) কেন্দ্রীয় নির্বাহী কমিটির প্যাডে সংগঠনের সভাপতি সৈকত আরিফ ও সাধারণ সম্পাদক ফারহানা মানিক মুন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানা যায়।

কমিটিতে দায়িত্বপ্রাপ্ত অন্য সদস্যরা হলেন□ অর্থ বিষয়ক দায়িত্বপ্রাপ্ত অর্ঘ্য দীপ মজুমদার, দপ্তর বিষয়ক দায়িত্বপ্রাপ্ত ফারহাতুল হাসান, পাঠচক্র

বিষয়ক দায়িত্বপ্রাপ্ত জীবন কুমার রায় এবং প্রচার ও প্রকাশনা বিষয়ক দায়িত্বপ্রাপ্ত মো. শাহরিয়ার ইসলাম রাতুল। এছাড়া সাধারণ সদস্য হিসেবে রয়েছেন শ্রীবাশ কুমার পাল, রিফাত শেখ ও কুনাল রায়। বিজ্ঞপ্তিতে কমিটির দুটি পদ শূন্য রাখা হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, সংগঠনের গঠনতন্ত্রের ১৮ ধারা মোতাবেক আগামী তিন মাসের মধ্যে সম্মেলন আয়োজন করে পূর্ণাঙ্গ কমিটি গঠন করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

এ বিভাগের আরও খবর



ফ্যাসিস্ট আমলের কারাবাসের স্মৃতিচারণ করে জবি ছাত্রদল নেতা রুমির আবেগঘন বার্তা
২০১৪ সালের ৩ অক্টোবর গ্রেপ্তার হয়ে নাজিমুদ্দিন রোডের পুরোনো কারাগারে যাওয়ার স্মৃতি স্মরণ করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ছাত্রদলের ২ নং...



শিক্ষকদের পেনশনন লুটে জড়িতদের বিচারের দাবি ইশারাকের
শিক্ষকদের পেনশনের অর্থ আত্মসাতের সঙ্গে জড়িত ব্যক্তিদের চিহ্নিত করে আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ও ঢাকা-৬ আস...



আবু সাঈদ হত্যা: বেরোবির তিন শিক্ষকসহ ১১ জনকে স্থায়ী বহিষ্কার
২০২৪ সালের জুলাই আন্দোলনের সময় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) শিক্ষার্থী আবু সাঈদ নিহত হওয়ার ঘটনায় বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষকসহ ১১ জনক...



ক্যারিয়ার প্রস্তুতিতে বেরোবিতে নো ইওর এমপ্লয়ার সেশন
বেগম বোকেয়া বিশ্ববিদ্যালয়ে (বেরোবি) শিক্ষার্থীদের ক্যারিয়ার পরিকল্পনা ও চাকরির বাজার সম্পর্কে ধারণা দিতে নো ইওর এমপ্লয়ার শীর্ষক ক্যারিয়ার...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/campus/berobite-chhatr-fedareshner-11-sdsjbishisht-ahbayk-kmiti-gthn-netritb-sohag-mijan>